


প্রশিক্ষণ মূল্যায়ন নীতিমালা



বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা



প্রশিক্ষণ মূল্যায়ন নীতিমালা

প্রশিক্ষণ মূল্যায়ন নীতিমালা

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের
মূল্যায়ন অনুবিভাগ কর্তৃক প্রকাশিত
এবং প্রকাশনা শাখার তত্ত্বাবধানে মুদ্রিত

প্রকাশকাল : জুন ২০১৩

মুদ্রণে : তিথী প্রিন্টিং এন্ড প্যাকেজিং
২৮সি/১ টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল, ঢাকা
ফোন : ৯৫৫৩৩০৩, ০১৮১৯২৬৩৪৮১


মুখবন্ধ

বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) ১৯৮৪ সালে তৎকালীন Bangladesh Administrative Staff College (BASC), National Institute of Public Administration (NIPA), Civil Officers Training Academy (COTA) এবং Staff Training Institute (STI) এর সমন্বয়ে একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত হয়। এই কেন্দ্রে ক্যাডার ও ক্যাডার বহির্ভূত সকল কর্মকর্তাকে বুনিয়াদিসহ অন্যান্য প্রশিক্ষণ প্রদান করা হয়।

বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের একটি ঐতিহ্যগত দিক হচ্ছে প্রশিক্ষণ কার্যক্রম মূল্যায়ন। বিপিএটিসি কর্তৃক পরিচালিত প্রতিটি প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদেরকে যেমন বিপিএটিসি মূল্যায়ন করে থাকে তেমনি প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণ কর্তৃক প্রশিক্ষণ কার্যক্রম মূল্যায়ন করার নিয়মও প্রচলিত আছে। প্রশিক্ষণ কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি, ফলপ্রসূতা নিরূপণ এবং উন্নয়নের লক্ষ্যে মূল্যায়ন সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠালগ্ন থেকেই বিপিএটিসি একটি সুনির্দিষ্ট প্রশিক্ষণ মূল্যায়ন নীতিমালা অনুসরণ করে আসছে। এ নীতিমালার একটি বিশেষত্ব হচ্ছে-প্রয়োজনের নিরিখে বিদ্যমান প্রশিক্ষণ নীতিমালা যুগোপযোগীকরণ।

ইতোমধ্যে প্রশিক্ষণসংক্রান্ত ধ্যান-ধারণার আমূল পরিবর্তন ঘটেছে বিধায় যুগের চাহিদা পূরণের লক্ষ্যে বিদ্যমান প্রশিক্ষণ মূল্যায়ন নীতিমালায় সৃজনশীলতা, বিশ্লেষণধর্মী প্রণোদনা ও জনগণের প্রতি সেবামূলক মনোভাব ইত্যাদি বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়েছে। মূল্যায়নসংক্রান্ত বর্ণিত বিষয়সমূহের অধিকতর ব্যাখ্যা প্রদানসহ এ নীতিমালার ভূমিকা ও উদ্দেশ্য স্পষ্টীকরণ করা হয়েছে। তাছাড়া প্রচলিত মূল্যায়ন নীতিমালায় বিদ্যমান অসঙ্গতি দূর করাসহ অস্পষ্ট বিষয়ের ব্যাখ্যা অন্তর্ভুক্ত করা হয়েছে। বস্তুত বিপিএটিসি কর্তৃক পরিচালিত সকল প্রশিক্ষণ কার্যক্রমের ক্ষেত্রে একই নীতি ও পদ্ধতি অনুসরণ করার বিষয়ে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা এ নীতিমালার মৌলিক উদ্দেশ্য। হালনাগাদকৃত এ প্রশিক্ষণ মূল্যায়ন নীতিমালা প্রয়োগের ফলে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় বিপিএটিসির স্বচ্ছতা বৃদ্ধি পাবে ও জবাবদিহি নিশ্চিত হবে এবং বিপিএটিসি কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রমসমূহের ফলপ্রসূতা নিরূপণ ও উন্নয়ন সহজতর হবে বলে আশা করা যায়।

এ প্রশিক্ষণ মূল্যায়ন নীতিমালা প্রণয়ন ও প্রকাশের সঙ্গে জড়িত সকলকে আমি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই।


০৭/০৫/২৬
এ, জেড, এম, শফিকুল আলম
রেস্ট্র

প্রশিক্ষণ মূল্যায়ন নীতিমালা

মূল্যায়ন অনুবিভাগ: কর্মসূচি ও পাঠক্রম বিভাগ

বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা

স্মারক নং-০৫.০১.২৬৭২.০৭৩.২২.০৩৮.১২-১১৮(২) তারিখ ২৪.০১.১৪২০ বঙ্গাব্দ/ ০৭.০৫.২০১৩ খ্রিস্টাব্দ

১.০ শিরোনাম ও প্রয়োগ

১.১ এ নীতিমালা বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)-এর 'প্রশিক্ষণ মূল্যায়ন নীতিমালা, ২০১৩' নামে অভিহিত হবে।

১.২ এটি বিপিএটিসি কর্তৃক পরিচালিত সকল কোর্স (মৌলিক প্রশিক্ষণ কোর্স, সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্স এবং বিশেষ প্রশিক্ষণ কোর্স) এর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

২.০ সংজ্ঞাসমূহ

২.১ **অসদুপায়** : অসদুপায় বলতে সামাজিকভাবে ও আইনগতভাবে স্বীকৃত যে কোনো নৈতিকতা পরিপন্থী আচরণ, কর্মকাণ্ড কিংবা প্রচেষ্টাকে বুঝাবে। পরীক্ষায় অসদুপায় বলতে 'গণপরীক্ষা অধ্যাদেশ, ১৯৮০' অনুযায়ী অসদুপায়কে বুঝাবে। তাছাড়া অসদুপায় অবলম্বনের প্রচেষ্টাও এর অন্তর্ভুক্ত হবে।

২.২ **মৌলিক কোর্স** : মৌলিক কোর্স বলতে সিনিয়র স্টাফ কোর্স, উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স এবং বুনিয়েদি প্রশিক্ষণ কোর্সসহ কর্মজীবন উন্নয়ন (Career Development)-এর সঙ্গে সম্পৃক্ত সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য কোর্সকেও বুঝাবে।

২.৩ **কেন্দ্র** : কেন্দ্র বলতে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রকে বুঝাবে।

২.৪ **সংক্ষিপ্ত কোর্স** : সংক্ষিপ্ত কোর্স বলতে পেশাগত দক্ষতা উন্নয়নের লক্ষ্যে পরিচালিত অনধিক ৪ (চার) সপ্তাহব্যাপী অনুষ্ঠেয় কোর্সসমূহকে বুঝাবে।

২.৫ **বিশেষ বুনিয়েদি কোর্স** : বিশেষ বুনিয়েদি কোর্স বলতে বিপিএটিসি কর্তৃক বিভিন্ন প্রতিষ্ঠানের প্রয়োজন ও চাহিদার ভিত্তিতে আয়োজিত মৌলিক ও সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য বিশেষ কোর্সসমূহকে বুঝাবে।

২.৬ **বোর্ড অব গভর্নরস্** : বোর্ড অব গভর্নরস্ (বিওজি) বলতে 'বিপিএটিসি অধ্যাদেশ, ১৯৮৪'-এ বর্ণিত বিওজি-কে বুঝাবে।

২.৭ **রেস্ট্র** : রেস্ট্র বলতে 'বিপিএটিসি অধ্যাদেশ, ১৯৮৪'-এ বর্ণিত রেস্ট্রকে বুঝাবে।

